

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার.
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেকেনবাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)৩৪৮/কাস-বন্ড/লাইঃ/২০০৪/পার্ট-০৫/২০২১/ ২২৮০০

তারিখ-২১/১০/২০২১ খ্রিঃ।

বিষয় : আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহের আদেশের বিপরীতে আমদানিকৃত কাঁচামালসমূহ জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে বন্ড সুবিধায় খালাস প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১। জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৩০/২০১৫/স্বক/৩৭৫, তারিখঃ ০৮-০৪-২০১৫ খ্রিঃ
০২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের সূত্র নং- এএসএসএল/কাস-বন্ড/প্রাপ্যতা/২১/২২৪, তারিখঃ ২৪-০৮-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। মেসার্স আনন্দ শিপইয়ার্ড এন্ড শ্লিপওয়েজ লিঃ, ঠিকানা: মেঘনাঘাট, সোনারগাঁও, নারায়ণগঞ্জ, রঙানিমুখী জাহাজ নির্মানকারী প্রতিষ্ঠান। যার বন্ড লাইসেন্স নং-২৫৯/কাস-পিবিডব্লিউ/০৫, তারিখঃ ২২.০২.২০০৫ খ্রিঃ ও মূসক নিবন্ধন নং-০০১২২৫৮৫২-০৩০৪। আলোচ্য প্রতিষ্ঠানটি আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহের আদেশের বিপরীতে বন্ড সুবিধায় কাঁচামাল আমদানির মাধ্যমে পণ্য উৎপাদন পূর্বক সরবরাহ করে থাকে। প্রতিষ্ঠানটি বর্তমানে আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত হয়ে সরকারী অগ্রাধিকার ভিত্তিক জনগুরুত্বপূর্ণ প্রকল্প "Procurement of Inspection Vessel including Supply of Necessary Equipment, Accessories" শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষকে সরবরাহের উদ্দেশ্যে ১টি (একটি) জাহাজ নির্মাণ ও সরবরাহের নিমিত্তে Mamo No. 18.11.0000.181.14.162.20.105, তারিখঃ ১৭/১২/২০২০ খ্রিঃ এর মাধ্যমে চুক্তিবদ্ধ হয়েছে। প্রকল্পটি আর্ন্তজাতিক দরপত্রের মাধ্যমে ও বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধযোগ্য স্থানীয় সরবরাহ আদেশের বিপরীতে বিধায় জাতীয় রাজস্ব বোর্ড এর এস.আর.ও নং-৩০/২০১৫/স্বক/৩৭৫, তারিখঃ ০৮ এপ্রিল, ২০১৫ খ্রিঃ এর মাধ্যমে বন্ড সুবিধা প্রাপ্ত জাহাজ/ড্রেজার নির্মানকারী শিল্প প্রতিষ্ঠানসমূহ কে প্রকল্প ভিত্তিক কাঁচামাল আমদানীর অনুমতি প্রদানের ভিত্তিতে বন্ডার কর্তৃক বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ন্যাভাল আর্কিটেক্টস্ এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ অর্থ্যাৎ (BUET) বুয়েট কর্তৃক সহগ ও International Classification Society অর্থ্যাৎ Bureau Veritas (BV) কর্তৃক আমদানিতব্য কাঁচামাল সমূহের বর্ণনা ও Specification সহ অত্র দপ্তরে বন্ড সুবিধায় কাঁচামাল আমদানি করার অনুমতি প্রার্থনা করে।
- ০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে বন্ড সুবিধায় খালাস প্রদানের লক্ষ্যে আমদানিতব্য কাঁচামালের তালিকা এতসঙ্গে সংযুক্ত করে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০৯ (নয়) পাতা।

প্রাপকঃ কমিশনার
কাস্টমস হাউজ, চট্টগ্রাম।

[মোহাম্মদ সাইদুল ইসলাম]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে

নথি নং-৫(১৩)৩৪৮/কাস-বন্ড/লাইঃ/২০০৪/পার্ট-০৫/২০২১/ ২২৮০০(৩-৭) তারিখ-২১/১০/২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১-০৬। কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা/বেনাপোল/মোংলা/পানগাঁও, কেরানীগঞ্জ/আইসিডি, কমলাপুর, ঢাকা।

০৭। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

[মোহাম্মদ সাইদুল ইসলাম]
উপ-কমিশনার
কমিশনারের পক্ষে